সুচিত্রা সেন’র জন্মদিন পালন করলো হৃদয়ে পাবনা

বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি
নায়িকা পাবনার কন্যা সুচিত্রা
সেন’র জন্মদিন উপলক্ষে হৃদয়ে
পাবনা আলোচনাসভা ও কেক কাটার
আয়োজন করে।

সন্ধ্যা সাড়ে সাতটায় নীলাকাশ মিডিয়াকমের তাঁতী বাজারস্থ কার্যালয়ে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্য দেন দৈনিক সিনসার সম্পাদক এস.এম মাহবুব আলম। হৃদয়ে পাবনা’র আহ্বায়ক আর কে আকাশের সভাপতিত্বে এসময় বক্তব্য দেন বাংলাদেশ টুডে’র স্টাফ রিপোর্টার আব্দুল হামিদ খান, জাতীয় গণফ্রন্ট’র পাবনা জেলা সমন্বয়ক হাসিবুর রহমান হাসু, মিলিনিয়াম টিভি (ইউএস) পাবনা প্রতিনিধি শফিক আল কামাল, হৃদয়ে পাবনার যুগ্ম আহ্বায়ক সাজিদ আহমেদ সুজন, সুজন মাহমুদ সুমন, ইয়ং জার্নালিস্ট ফোরামের সভাপতি তারেক খান, রেডিও আকাশ’র আরজে রাশেদুল ইসলাম। অনুষ্ঠানে এসময় রোটা. জাকরিয়া, হৃদয়ে পাবনার সদস্য কাওসারসহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মী উপস্থিত ছিলেন।

আলোচনায় বক্তাগণ পাবনায় স্মৃতি বিজড়িত হেমলেনের বাড়িটিকে অতিদ্রুত সুচিত্রা সেন জাদুঘরে রুপান্তিত করার জন্য জোড় দাবি জানান। আলোচনাসভা শেষে অতিথিবৃন্দ কেক কেটে কিংবদন্তি নায়িকা পাবনার কন্যা সুচিত্রা সেন’র ৮৫তম জন্মদিন পালন করেন।